আটপাড়া উপজেলা পরিষদ কার্যালয়
উপজেলা: আটপাড়া, জেলা: নেত্রকোণা।

আটপাড়া উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ মাসে অনুষ্ঠিত সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ খায়রুল ইসলাম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, আটপাড়া, নেত্রকোণা। |
| সভার তারিখ | : | ২৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ |
| সভার সময় | : | বেলা : ১২.০০ ঘটিকা। |

সভায় উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর স্বাগত বক্তব্যসহ সভার কার্যক্রম পরিচালনা করার জন্য জনাব মোঃ শাকিল আহমেদ, উপজেলা নির্বাহী অফিসার ও মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা-কে অনুরোধ করেন। চেয়ারম্যান মহোদয়ের অনুরোধক্রমে মুখ্য নির্বাহী কর্মকর্তা উপজেলা পরিষদের নভেম্বর ২০২২ মাসের কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে সভায় দৃঢ়ীকরণ করা হয়। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী এ মাসের মাসিক সভায় বিভাগ ভিত্তিক কার্যক্রম আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

০১। বিভাগীয় আলোচনা :

| ক্র: নং | বিভাগীয় আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:**<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, হাওড় অঞ্চলে সমন্বিত প্রাণি সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ৩৬০ জন সুফল ভোগীর মাঝে প্রতিজনকে ১৫টি করে সোনালী মুরগী বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ইউপি চেয়ারম্যানগণের সাথে সমন্বয়ের মাধ্যমে কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা |
| ০২. | **উপজেলা স্বাস্থ্য ও প: প: বিভাগ:**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা কার্যক্রম চলমান রয়েছে। ৬০ উর্দ্ধ সকলকে ৪র্থ ডোজ, ভোস্টার ডোজ প্রদানের কার্যক্রম শুরু হয়েছে। সকলকে বুস্টার ডোজ গ্রহনের অনুরোধ জানান। তিনি সভায় জানান আগামী মাসে তার পিআরএল শুরু হবে। তিনি সকলের নিকট দোয়া প্রার্থনা করেন। | সরকারী নির্দেশনা মতে করোনার টিকা প্রদান কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপস্থিত সকল সদস্য উক্ত কর্মকর্তার সুস্থ্যতা ও দীর্ঘায়ু কামনা করেন। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া, নেত্রকোণা। |
| ০৩. | **কৃষি বিভাগ:**<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমের সকল প্রণোদনার কার্যক্রম সুষ্ঠুভাবে বিতরণ ও বাস্তবায়ন করা হয়েছে। বোরো মৌসুমে বোরো আবাদকে কেন্দ্র করে কৃষকেরা যাতে সরকারী মূল্যে সার পায় সে লক্ষ্যে সার মনিটরিং কার্যক্রম জোরদার করা হচ্ছে। এছাড়া অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | ১. সার ও বীজ মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে ।<br>২. কৃষি প্রনোদনা কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা কৃষি অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ০৪. | **ত্রাণ ও দুর্যোগ বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কাবিটা, কাবিখা ও টিআর (উপজেলা পরিষদের ও নির্বাচনী) ১ম পর্যায়ের কাজের অগ্রগতি ভাল। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির ১ম পর্যায়ের কাজ ৫০% সম্পন্ন হয়েছে এবং G2p পদ্ধতিতে শ্রমিক মজুরী প্রদানের জন্য | ইউপি চেয়ারম্যানগণ দ্রুত কাবিটা, কাবিখা, টিআর এবং ইজিপিপি এর প্রকল্প কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আটপাড়া,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | অধিদপ্তর থেকে বিলের চাহিদা চেয়েছে যার ফলে ইউপি চেয়ারম্যানগণকে দ্রুতগতিতে তালিকা দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়েছে। ২য় পর্যায়ের কাবিখার বরাদ্দ পাওয়া গেছে যা দ্রুত ইউনিয়ন পর্যায়ে বিভাজন করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | |
| ০৫. | **প্রাথমিক শিক্ষা বিভাগ:**<br>উপজেলা শিক্ষা অফিসার, আটপাড়া জানান যে, আগামী ৩০.১২.২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০-১২.০০ টা পর্যন্ত প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। দুটি পরীক্ষা কেন্দ্রে ৪২১ জন শিক্ষার্থী অংশ গ্রহণ করবেন। বৃত্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের নিমিত্ত তিনি সকলের সহযোগিতা কামনা করেন। আগামী ০১.০১.২০২২ খ্রিঃ তারিখ প্রতিটি বিদ্যালয়ে উৎসব মুখর পরিবেশে শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেয়া হবে। এ বিষয়ে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বৃত্তি পরীক্ষা সুষ্ঠু ও সুন্দরভাবে অনুষ্ঠানের এবং বই বিতরণ কার্যক্রম বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৬. | **সমাজ সেবা বিভাগ:**<br>উপজেলা সমাজ সেবা অফিসার, আটপাড়া জানান যে, ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজ, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়ায় আক্রান্ত রোগীদের আবেদনসমূহ জেলায় প্রেরণ করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরের সকল ভাতাভোগীদের ২য় কিস্তির পে-রোল প্রদানের জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে প্রকৃত প্রতিবন্ধীকে নির্বাচিত করতে হবে। এবং সরকারি ভাতা প্রাপ্তিতে যেন কোন জটিলতা সৃষ্টি না হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৭. | **স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ:**<br>উপজেলা প্রকৌশলী, আটপাড়া জানান যে, উপজেলা পরিষদ কোয়ার্টার বিলাস ভবনের দু'তলার পূর্ব পার্শ্বে ইউনিট মেরামত ও সংস্কারের জন্য প্রকল্প গ্রহণের অনুমোদন প্রয়োজন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদ কোয়ার্টার বিলাস ভবনের দু'তলার পূর্ব পার্শ্বে ইউনিট মেরামত ও সংস্কারের জন্য প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৮. | **সমবায় বিভাগ:**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, আটপাড়া জানান যে, আশ্রয়ন-২ এর আওতায় যে সকল ভূমিহীন গৃহহীন পরিবারকে পুনর্বাসিত করা হয়েছে তাদের জীবন মান উন্নয়নের লক্ষে তাদেরকে নিয়ে সমবায় সংগঠন করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিরীক্ষা ফি ৫৭২৮/- টাকা, সমবায় উন্নয়ন তহবিল বাবদ ১৪৯০/- এবং আশ্রয়ণ প্রকল্পের ১২০০/- টাকা ঋণ আদায় করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে এবং আশ্রয়ণ প্রকল্পে সমবায় সমিতি গঠন ও নিয়মিত মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>আটপাড়া, নেত্রকোণা। |
| ০৯. | **যুব উন্নয়ন অধিদপ্তর:**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, প্রাতিষ্ঠানিক বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবগত করা হয়েছে। তিনি ঋণ আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>আটপাড়া,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ১০. | **পরিবার পরিকল্পনা বিভাগ:**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আটপাড়া সভায় জানান যে, দুওজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রবেশ রাস্তাটি নির্মাণ করা প্রয়োজন। মনসুরপুরে সদ্য উদ্বোধনকৃত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১১. | **পল্লী উন্নয়ন বিভাগ:**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ এবং আদায় কার্যক্রম অব্যহত রয়েছে। অপ্রধান শস্য উন্নয়ন কর্মসূচির আওতায় জানুয়ারি ২০২৩ মাসে ৪০ জন সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং ৬জন সদস্যের মাঝে পেয়াজ, সরিষা, রসুন এবং ভুট্টার প্রদর্শনী প্লট করা হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে এবং উপযুক্ত প্রশিক্ষনার্থী বাছাইপূর্বক প্রশিক্ষনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। বিনামূল্যে বিতরণকৃত অপ্রধান শস্যের বীজের অগ্রগতি পর্যবেক্ষণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটপাড়া,নেত্রকোণা। |
| ১২. | **মৎস্য বিভাগ:**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায়, সংশ্লিষ্ট বিভাগের বিষয়াদি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা |
| ১৩. | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা:**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ২০২৩ সনের বিনামূল্যের পাঠ্যপুস্তক এ পর্যন্ত মাধ্যমিক স্কুলের ৭৮,৫০০ টি বই এবং মাদরাসার দাখিল পর্যায়ের ৭০০ বই পাওয়া যায়। চাহিদার বিপরীতে মোট প্রাপ্তির হার ৪২%। উপজেলা প্রমোট হোস্টেলের নীচ তলায় প্রাপ্ত বই সংরক্ষণ করা হয়েছে। | যথাযথ নিরাপত্তার সাথে পাঠ্যপুস্তক সংরক্ষনের ও বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৪. | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা:**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা ভিডব্লিউবি'র কার্যক্রম ৩১ ডিসেম্বর/২০২২ শেষ হবে। নতুন চক্র ২০২৩-২০২৪ অর্থ বছরে জানুয়ারি/২০২৩ হতে চালু হবে। সে লক্ষে নতুন তালিকার কার্যক্রম ইউনিয়ন হতে ছক-২ আকারে সম্পূর্ণ পাওয়া যায়নি। ৩নং ছক পুরনে সহযোগিতার জন্য ২নং ছক প্রয়োজন। এছাড়া তার বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ভিডব্লিউবি'র কার্যক্রম এবং নতুন চক্রের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার আটপাড়া, নেত্রকোণা। |
| ১৫. | **উপজেলা খাদ্য বিভাগ:**<br>উপজেলা খাদ্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে এবং চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। উপজেলা খাদ্য কর্মকর্তা আটপাড়া, নেত্রকোণা। |
| ১৬. | **উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:**<br>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, মুজিববর্ষের স্থাপিত ঘরসমূহের নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। আর্সেনিক স্ক্রিনিং কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের অন্যান্য কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) আটপাড়া, নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| ১৭. | **বিদ্যুৎ বিভাগ, আটপাড়া**<br>সহকারী জেনারেল ম্যানেজার সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী জেনারেল ম্যানেজার, আটপাড়া পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়া, নেত্রকোণা। |

৩ (১)চেয়ারম্যান, স্বরমুশিয়া ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (২)চেয়ারম্যান, শুনই ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, মল্লিকপুর শুনই কমিউনিটি ক্লিনিকে লোক যাতায়াত করতে পারছেনা, । জরুরীভিত্তিতে রাস্তা মেরামত করার জন্য অনুরোধ জানান। এছাড়া টিসিবি'র ৫০টি কার্ড সরবরাহ করার জন্য অনুরোধ জানান।

৩(৩)চেয়ারম্যান, দুওজ ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বলেন যে, অত্র উপজেলায় কৃষি বিভাগের কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। এছাড়া প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের ঝড়ে পড়া রোধকল্পে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাথমিক অফিসারকে অনুরোধ জানান। তিনি বলেন যে, তার ইউনিয়নে ১নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নেই, ক্লিনিক স্থাপনে যথাযথ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৪)চেয়ারম্যান, লুনেশ্বর ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, যেখানে যে ফসল প্রযোজ্য, সেখানে সে প্রনোদনা দেয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি আরোও বলেন যে, নতুন প্রাথমিক শিক্ষক নিয়োগ দেওয়া হয়েছে, শিক্ষার মান উন্নয়নে শিক্ষক পদায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নে ০৮ জন সার ডিলার আছে, যারা যথাযথভাবে সার উত্তোলন করছেন না তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।

৩ (৫)চেয়ারম্যান, বানিয়াজান ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে, টিআর, কাবিখা প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ জানান।

৩ (৬)চেয়ারম্যান, তেলিগাতী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৩ (৭)চেয়ারম্যান, সুখারী ইউনিয়ন পরিষদঃ

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৫। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে শুভেচ্ছা বক্তব্য রাখেন।

৬। উপজেলা নির্বাহী অফিসার, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি বলেন যে, আসন্ন বোরো মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ নিশ্চিত করা এবং যারা সেচ কার্যে নতুন সংযোগের অনুমোদন পেয়েছে, তাদের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে সংযোগ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান। তিনি বলেন যে, কোভিড-১৯ এর ৪র্থ ডোজ এসেছে, সকলকে বোস্টার ডোজ নেওয়ার জন্য অনুরোধ জানান। আগামী ০১ তারিখ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি বিনামুল্যে বই বিতরণ করা হবে, এ উৎসব সফলভাবে সম্পন্ন করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া সকল বিভাগের সরকারি দায়িত্ব যথাযথভাবে পালন করার জন্য আহবান জানান।

০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা:

তিনি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বক্তব্য রাখেন। তিনি বলেন যে, আসন্ন বোরো মৌসুমে সারের কৃত্রিম সংকট লাঘবে ইউনিয়ন পর্যায়ের ডিলারগণ নিজ নিজ বিক্রয় প্রতিষ্ঠানের সামনে সারের মূল্য তালিকা টানিয়ে রাখতে হবে এবং ইহা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তিনি অনুরোধ জানান। এছাড়া সেচ কার্যক্রমের জন্য যারা বিদ্যুৎ সংযোগের অনুমোদন পেয়েছে তাদেরকে স্বচ্ছতার সাথে জরুরী ভিত্তিতে সংযোগ দেয়ার জন্য এবং মাঠ পর্যায়ে কমিউনিটি ক্লিনিকসহ সরকারি প্রতিষ্ঠানে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন না করার জন্য তিনি এজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, আটপাড়াকে অনুরোধ জানান। শিক্ষার মান উন্নয়নে অত্র উপজেলায় আরবান ও সেরা এনজিও কর্তৃক পরিচালিত আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রামের আওতায় ১৭০০ ছাত্র-ছাত্রীদের মূল ধারায় ফিরিয়ে আনার জন্য তিনি উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানান। এছাড়া তিনি জনপ্রতিনিধি, সকল বিভাগীয় কর্মকর্তা এবং ইউপি চেয়ারম্যানগণকে বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজসহ অন্যান্য উন্নয়নমূলক কাজ যথাযথ সময়ে সম্পন্ন করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানান।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটপাড়া, নেত্রকোণা

স্মারক নং- ০৫.৪৫.৭২০৪.০০১.০৬.০০৪.২২- ৯৯৪

তারিখঃ ১৩ পৌষ ১৪২৯ বাংলা
২৮ ডিসেম্বর ২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১. মাননীয় সংসদ সদস্য, ১৫৯ নেত্রকোণা-৩ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, আটপাড়া; নেত্রকোণা।
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ, নেত্রকোণা।
০৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটপাড়া, নেত্রকোণা
০৬. উপজেলা ........................................................অফিসার, আটপাড়া, নেত্রকোণা।
০৭. চেয়ারম্যান ........................................................ইউনিয়ন পরিষদ, আটপাড়া, নেত্রকোণা।
০৮. জনাব ........................................................................................................

28/12/22

(মোঃ শাকিল আহমেদ)
উপজেলা নির্বাহী অফিসার
আটপাড়া, নেত্রকোণা
ফোন নং: ০৯৫২২-৭৪০০১